



**2022/TDC/ODD/SEM/
BNGDSE-501T/370**

TDC (CBCS) Odd Semester Exam., 2022

BENGALI

(5th Semester)

Course No. : BNGDSE-501T

(বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্বর্ছ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) ‘শিশু ভোলানাথ’ কাব্যের প্রথম কবিতার নাম কী?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের শিশু-সংক্রান্ত অন্য একটি কাব্যের নাম লেখো।

(গ) “নৃত্যের বিক্ষেপে তোর সব গ্লানি নিত্য যায় ঘুচি।”
পঙক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?



(2)

(ঘ) 'ভালগাছ' কবিতাটি কোন্ সালে রচিত হয়েছিল ?

(ঙ) 'বাউল' কবিতায় বাউলের গলায় কী রয়েছে ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

২

(ক) কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম-মৃত্যুর সাল তারিখসহ লেখো।

(খ) 'শিশু ভোলানাথ' কাব্যটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ পর্বের রচনা? 'রাজমিস্ত্রি' কবিতায় রাজমিস্ত্রির নাম কী?

৩। " 'শিশু ভোলানাথ' কাব্যে মা ও শিশুর সুমধুর সম্পর্কের কবিত্বময় বর্ণনা রয়েছে।" আলোচনা করো।

৮

অথবা

'পথহারা' কবিতায় ছোটগল্পের প্রায় সব বৈশিষ্ট্যই বর্তমান—কবিতাটি অবলম্বনে প্রসঙ্গটি বিস্তৃতভাবে লেখো।

UNIT—II

৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

১×৪=৪

(ক) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটি কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল ?

J23/285

(Continued)

(3)

(খ) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটির গল্পগুলি কোন্ অঞ্চল থেকে সংগৃহীত হয়েছিল ?

(গ) 'সাত ভাই চম্পা' গল্পের রাজার কতজন রাণি ছিল ?

(ঘ) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থের ভূমিকা কে লিখেছিলেন ?

(ঙ) 'শীত-বসন্ত' গল্পের শীত ও বসন্ত দুই ভাইয়ের মায়ের নাম কী ?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

২

(ক) দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের পিতা-মাতার নাম লেখো।

(খ) দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো। 'কাঁকনমালা-কাঞ্চনমালা' গল্পটি 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটির কোন্ খণ্ডের অন্তর্ভুক্ত ?

৬। 'শীত-বসন্ত' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৮

অথবা

দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটি মূলত শিশুসাহিত্য হিসেবে উল্লিখিত হলেও এর মূলে রয়েছে সমাজ-বাস্তবতার রূঢ় দিক—তোমার পাঠ্য গল্পগুলি অবলম্বনে এই বক্তব্যটি বিশদ করো।

J23/285

(Turn Over)



(4)

UNIT—III

১×৪=৪

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

- (ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পৌত্রের নাম কী?
- (খ) 'সন্দেশ' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
- (গ) 'টুনটুনির বই' গ্রন্থটির প্রথম প্রকাশকাল কত?
- (ঘ) টুনটুনির বাসা কোথায় ছিল?
- (ঙ) 'উকুনে-বুড়ির কথা' গল্পে গাছের পাতা বরে পড়ার আগে কী হয়েছিল?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) "সাতদিনে সাতজনকে পড়িয়ে পণ্ডিত করে দেব।" কে, কাকে একথা বলেছিল?
- (খ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর জন্ম কত সালে এবং কোথায় হয়েছিল?

৯। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনি আর রাজার কথা' গল্পে তৎকালীন সমাজ-জীবনের যে ছবি চিত্রিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

অথবা

'বাঘখেঁকো শিয়ালের ছানা' গল্পে হাস্যরসের আড়ালে যে নীতি-শিক্ষা তুলে ধরা হয়েছে তা আলোচনা করো।

J23/285

(Continued)

(5)

UNIT—IV

১×৪=৪

১০। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৌলিক উপাধি কী ছিল?
- (খ) কত বছর বয়সে ঈশ্বরচন্দ্রকে কালীকান্ত চট্টোপাধ্যায়ের পাঠশালায় ভর্তি করা হয়েছিল?
- (গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ফোর্ট উইলিয়াম কলেজে কবে যোগদান করেন?
- (ঘ) বিদ্যাসাগরের ছদ্মনাম কী ছিল?
- (ঙ) 'হিন্দু বিধবা বিবাহ আইন' কবে প্রবর্তিত হয়?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কবে, কোথায় জন্মগ্রহণ করেন?
- (খ) কোন্ সংহিতায় বিধবা বিবাহের সমর্থন রয়েছে? বিদ্যাসাগর কত সালে 'বিধবা-বিবাহ-বিষয়ক পুস্তিকা' প্রকাশ করেন?

১২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর শিক্ষাসংস্কারের ক্ষেত্রে যে ভূমিকা পালন করেছেন তোমার পাঠ্যগ্রন্থ অবলম্বনে তা পর্যালোচনা করো।

অথবা

তোমার পাঠ্য 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' গ্রন্থ অবলম্বনে ঈশ্বরচন্দ্রের জীবনী সংক্ষেপে লেখো।

J23/285

(Turn Over)



(6)

UNIT—V

১৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $১ \times ৪ = ৪$

- (ক) স্বামী বিবেকানন্দ কত খ্রিস্টাব্দে চিকাগো ধর্ম মহাসম্মেলনে যোগদান করেন ?
- (খ) ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে ?
- (গ) স্বামী বিবেকানন্দ কত বছর বয়সে সম্মাসী হয়েছিলেন ?
- (ঘ) “চেয়েছিলাম শিবকে, পেলাম এক ভূতকে।” বক্তা কে ?
- (ঙ) তিন স্বপ্নে রচিত ‘লঙনে বিবেকানন্দ’ গ্রন্থের রচনাকার কে ?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

- (ক) ‘সম্মাসী’ ও ‘গর্ভধারিণী’ বলতে কাদের বোঝানো হয়েছে ?
- (খ) ‘মনুষ্যত্বং, মুমুক্ষত্বং, মহাপুরুষসংশ্রয়ঃ’—শব্দ তিনটির অর্থ কী ?

(7)

১৫। স্বামী বিবেকানন্দ ও তাঁর পরিবারের প্রতি তাঁর বিদেশি শিষ্য ও অনুগত ভক্তদের অবদান বর্ণনা করো।

অথবা

শংকর রচিত ‘অচেনা অজানা বিবেকানন্দ’ গ্রন্থের অন্তর্গত ‘সম্মাসী ও গর্ভধারিণী’ শীর্ষক রচনাংশে স্বামী বিবেকানন্দের পারিবারিক দায়বদ্ধতা সহজে সংক্ষেপে আলোচনা করো।
